

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৯

७/ अक्त (أَيْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ সিজদা-এ কুরআনের দু'আ।

باب مَا يَقُولُ فِي سُجُودِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا مُحَمَّدُ بِن يَزِيدَ بْنِ خُنَيْسٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّد بْنِ عُبَيْدِ اللَّهِ بْن أَبِي يَزِيدَ، عَن ابْن أَبِي يَزِيدَ، قَالَ قَالَ لِي ابْنُ جُرَيْجٍ يَا حَسَنُ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي يَزِيدَ، عَن ابْن عَبَّاسٍ، قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِي صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي رَأَيْتُنِي عَبَّاسٍ، قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِي صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّه إِنِّي رَأَيْتُنِي اللَّيْلَةَ وَأَنَا نَائِمٌ كَأَنِّي أُصلِي خَلْفَ شَجَرَةٍ فَسَجَدْتُ فَسَجَدَت الشَّجَرَةُ لِسُجُودِي فَسَمِعْتُهَا وَهِي تَقُولُ اللَّهُمُ اكْتُبْ لِي بِهَا عِنْدَكَ أَجْرًا وَضَعْ عَنِي بِهَا وِزْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَهِي تَقُولُ اللَّهُمُ اكْتُبْ لِي بِهَا عِنْدَكَ أَجْرًا وَضَعْ عَنِي بِهَا وِزْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَعَيْ بَهَا وِزْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَتَقَبَّلْهَا مِنِي كَمَا تَقَبَّلْهَا مِنْ عَبْدِكَ دَاوُدَ . قَالَ الْحَسَنُ قَالَ لِي ابْنُ جُرَيْجٍ قَالَ لِي جَدُّكَ وَتَقَبَلْهَا مِنِي كَمَا تَقَبَّلْهَا مِنْ عَبْدِكَ دَاوُدَ . قَالَ الْحَسَنُ قَالَ لِي ابْنُ جُرَيْجٍ قَالَ ابْنُ عَبَّاسٍ فَقَرَأَ النَّبِيُّ صلى الله عليه وسلم سَجْدَةً ثُمَّ سَجَدَ . قَالَ فَقَالَ ابْنُ عَبَّاسٍ فَقَرَأَ النَّبِيُّ صلى الله عليه وسلم سَجْدَةً ثُمَّ سَجَدَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي فَيْ السَّعِيد . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ ابْنِ عَبَّاسٍ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ .

বাংলা

৫৭৯. কুতায়বা (রহঃ) হাসান ইবনু মুহাম্মাদ ইবনু উবায়দিল্লাহ ইবনু আবী ইয়াযীদ (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমাকে ইবনু জুরায়জ বললেন, হে হাসান, আমাকে উবায়দুল্লাহ ইবনু আবী ইয়াযীদ (রহঃ) ইবনু আব্বাস রাদিয়াল্লাছ আনহু সূত্রে বর্ণনা করেছেন। একবার জনৈক ব্যক্তি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেনঃ হে আল্লাহর রাসূল। আমি রাতে স্বপ্নে দেখলাম, আমি যেন একটা গাছের পিছনে সালাত (নামায/নামাজ) আদায় করছি। অনন্তর যখন সিজদা (তিলাওয়াত) করলাম, তখন গাছটিও আমার সিজদার সাথে সিজদা করল। আমি এটিকে সিজদায় বলতে শুনলামঃ

اللَّهُمَّ اكْتُبْ لِي بِهَا عِنْدَكَ أَجْرًا وَضَعْ عَنِّي بِهَا وِزْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَتَقَبَّلْهَا مِنِّي كَمَا تَقَبَّلْتَهَا مِنْ عَبْدِكَ دَاوُدَ



"হে আল্লাহ! এর মাধ্যমে আপনার নিকট আমার জন্য সওয়াব লিখে নিন। এর মাধ্যমে আমার পাপ দূরীভূত করুন, এটিকে আমার সঞ্চয় বলে গ্রহণ করুন এবং আমার থেকে এটিকে এভাবে কবূল করুন যেভাবে আপনি আপনার বান্দা দাউদ (আলাইহিস সালাম) থেকে কবূল করেছিলেন।"

হাসান বলেন যে, আমাকে ইবনু জুরায়জ বললেনঃ আমাকে তোমার পিতামহ বলেছেন যে, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেছেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদার আয়াতে তিলাওয়াত করলেন, পরে সিজদা দিলেন। তিনি আরো বলেনঃ স্বপ্নে বৃক্ষটির দু'আ সম্পর্কে ঐ ব্যক্তি যা বলেছিলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ও সিজদায় উক্তরূপ পাঠ করতে শুনেছি। - ইবনু মাজাহ ১০৫৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৭৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর বর্ণিত হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই।

English

Al-Hasan bin Muhammad bin Ubaidullah bin Abi Yazid said: Ibn Juraij said to me: O Hasan! Ubaidullah bin Abi Yazid informed me that Ibn Abbas said: "A man came to the Prophet and said: 'O Messenger of Allah! I had a dream at night while I was sleeping in which I was praying behind a tree, when I prostrated the tree prostrated along with me. Then I heard it saying: (Allahummaktuh Ii biha indaka ajran, wad a anni biha wizran, waj'alha Ii biha indaka dhukhran, wa taqabbalha minni kama taqabbaltaha min abdiki Dawud.)" (O Allah! Record for me, a reward with You for it, remove a sin for me by it, and store it away for me with You, and accept it from me as You accepted it from Your worshipper Dawud). Al-Hasan said: "Ibn Juraij said to me: 'Your grandfather said to me: 'Ibn Abbas said: 'So the Prophet recited (an Ayah of) prostration then prostrated.'" (He said) "So Ibn Abbas said: 'I listened to him, and he was saying the same as the man informed that the tree had said.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাসান ইবনু উবাইদুল্লাহ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন